

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১, সেন্টনবাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)২৮৩/কাস-বন্ড/লাইঃ/৯১/পার্ট-১০/২০২০/ ২২৫৬৭

তারিখঃ ২৬/০৯/২০২১খ্রিঃ।

প্রেরকঃ কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

প্রাপকঃ কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

বিষয়ঃ মেসার্স ড্যানিশ কনডেমড মিঙ্ক বাংলাদেশ লিমিটেড, শিমরাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ [বন্ড লাইসেন্স নং- ৬৬/কাস-পিবিডারিউ/৯১, তারিখ- ১০/০২/১৯৯১ খ্রিঃ, মুসক নিবন্ধন নং- ২১২০১০০০০১১০ (পুরাতন বিন), ০০০০০০৬৭২ (৯ ডিজিট), এবং ০০০০০০৬৭২-০০০১ (নতুন ই-বিন) নামীয় প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্রের মাধ্যমে বন্ড সুবিধার আওতায় পণ্যচালান খালাস প্রসঙ্গে।

সূত্রঃ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ০৬/০৯/২০২১ খ্রিঃ এবং ২১/০৯/২০২১ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আপনার/আপনাদের মেসার্স ড্যানিশ কনডেমড মিঙ্ক বাংলাদেশ লিমিটেড, শিমরাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ [বন্ড লাইসেন্স নং- ৬৬/কাস-পিবিডারিউ/৯১, তারিখ- ১০/০২/১৯৯১ খ্রিঃ, মুসক নিবন্ধন নং- ২১২০১০০০০১১০ (পুরাতন বিন), ০০০০০০৬৭২ (৯ ডিজিট), এবং ০০০০০০৬৭২-০০০১ (নতুন ই-বিন) নামীয় প্রতিষ্ঠানটি সূত্রোক্ত পত্রের মাধ্যমে নিম্নোক্ত পণ্যচালানসমূহ ডিউটি বন্ড ও রিক বন্ডের মাধ্যমে খালাস প্রদানের জন্য আবেদন করেনঃ

SL No	L/C No & Date	Invoice No & Date	B/L No & Date	Materials Name	Quantity	Place of Delivery
1)	0000222821011269, Dt.12.04.2021	21B017S01, Dt-21.07.2021	SITTQBG2101029, Dt-31.07.2021	Electrolytic Tin plate	41.340 M.T	Customs House Chittagong
2)	236321010042, Dt.17.06.2021	PAF/21-22/CI/002, Dt-21.06.2021	GOSUNDL6046209, Dt.10.08.2021	Skimmed Milk Powder	250.00 M.T	Customs House Chittagong
3)	297721010233, Dt.18.07.2021	KFP/EXP/2122/01, Dt-09.08.2021	GOSUNDL6046438 Dt.25.08.2021	Skimmed Milk Powder	135.00 M.T	Customs House Chittagong
4)	236321010044, Dt.29.06.2021	EXP/2021-22/02, Dt-19.07.2021	CADO533723, Dt-27.08.2021	Skimmed Milk Powder	135.00 M.T	Customs House Chittagong
5)	189121010080, Dt.22.06.2021	EXP/2021-22/01, Dt-08.07.2021	ONEYDELB41164900, Dt-15.08.2021	Skimmed Milk Powder	135.00 M.T	Customs House Chittagong
6)	236321010041, Dt.17.06.2021	1889, Dt-05.08.2021	GMSUIST21906697, Dt-04.08.2021	Sweet Whey Powder	250.00 M.T	Customs House Chittagong

০৩। আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের বিপরীতে চলমান দাবীনামা সংক্রান্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে আপনার/ আপনার প্রতিষ্ঠানটি বন্ড লাইসেন্সের শর্ত এবং The Customs Act, 1969 এর Section 104 ও Section 30 (B) লংঘন করে অবৈধভাবে অপসারণের উদ্দেশ্যে বন্ডেড ওয়্যারহাউজে মজুদ করায় বর্তমানে প্রতিষ্ঠানটির বিপরীতে ০১টি মামলা বা দাবীনামা অনিষ্পন্ন রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড-এর প্রজ্ঞাপন নং- ০১৩/২০২১/কাস্টমস/০৬৪, তারিখঃ ১৪/০৩/২০২১ খ্রিঃ অনুযায়ী ওয়্যারহাউস পরিদর্শনে কাঁচামাল অবৈধ অপসারণ, কম বা বেশি পাওয়া; অথবা আমদানি প্রাপ্যতা বহির্ভূত পণ্য আমদানি; অথবা অন্য কোন কারণে সৃষ্ট দাবীনামা অনিষ্পন্ন থাকলে তার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বার্ষিক বা সাময়িক আমদানি প্রাপ্যতা প্রদান করা যাবে না।

০৪। আলোচ্য প্রতিষ্ঠানটির বিপরীতে ০১টি মামলা চলমান/অনিষ্পন্ন থাকায় জাতীয় রাজস্ব বোর্ড এর প্রজ্ঞাপন নং- ০১৩/২০২১/কাস্টমস/০৬৪, তারিখঃ ১৪/০৩/২০২১ খ্রিঃ এর শর্তানুযায়ী অনুচ্ছেদ-১ এ বর্ণিত কাঁচামালসমূহ বন্ড সুবিধায় খালাসের জন্য প্রত্যয়ন পত্র প্রদানের আইনানুগ সুযোগ নাই। তবে, এ বিষয়ে মাননীয় হাইকোর্টের রিট পিটিশন নং- 7508/21 এর আদেশে উপরোক্ত অনুচ্ছেদ-২ এ উল্লিখিত পণ্যচালানসমূহ আদেশ পাওয়ার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ডিউটি বন্ড ও রিক বন্ডের মাধ্যমে খালাস প্রদানের নির্দেশ প্রদান করা হয়েছে। মাননীয় সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী উল্লিখিত পণ্যচালানসমূহ ডিউটি বন্ড ও রিক বন্ডের মাধ্যমে ছাড়করণের অনুমতি প্রদান করা হলো। পণ্য চালান বন্ড সুবিধায় খালাসের পর মাননীয় আদালতের আদেশ অনুযায়ী প্রয়োজ্য গুচ্ছ-করাদি পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এ পত্র প্রেরণ করা হলো।

[Signature]

২৬.০৭.২০২১

[মোহাম্মদ সাইদুল ইসলাম]

উপ কমিশনার

কমিশনারের পক্ষে *[Signature]*

নথি নং-৫(১৩)২৮৩/কাস-বন্ড/লাইঃ/৯১/পার্ট-১০/২০২০/ ২২৫৬৭ (৩-৬)

তারিখঃ ২৬/০৯/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। তাদেরকে ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো।

০২। পরিচালক, মেসার্স ড্যানিশ কনডেমড মিঙ্ক বাংলাদেশ লিমিটেড, শিমরাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ।

০৩। পি এ টু কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

[Signature]

২৬.০৭.২০২১

[মোহাম্মদ সাইদুল ইসলাম]

উপ কমিশনার *[Signature]*

[Signature]
২৬/০৭/২০২১
গোলাম সারওয়ার
সহকারী রাজস্ব কর্মকর্তা
কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা।

[Signature]